পদক্ষেপ
মানবিক উন্নয়ন কেন্দ্র

(পদক্ষেপ এর একটি মাসিক 'ই' সাময়িকী)
ই নিউজ

বর্ষ: ১১ | সংখ্যা: ১১১

সম্ভাবনার ক্ষমতায়নে সাম্যে গড়া
টেকসই ভবিষ্যতের লক্ষ্যে ১৯৮৬ থেকে

মে ২০২২



# সাউথ এশিয়া ফাইন্যান্সিয়াল ইনক্লুশান প্রশিক্ষণে পদক্ষেপ এর অংশগ্রহণ

গত ২২- ২৬ মে ২০২২ তারিখে দুবাইয়ে সাউথ এশিয়া মাইক্রো এন্টারপ্রেনারস নেটওয়ার্কের (এসএএমএন ) উদ্যোগে "সাউথ এশিয়া ফাইন্যান্সিয়াল ইনক্লুশান" বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। এসএএমএন মূলত একটি রিজিওনাল অর্গানাইজেশন। ৫ দিনের প্রশিক্ষণের মূল উদ্দেশ্য ছিলো দক্ষিণ এশিয়া, মধ্যপ্রাচ্য ও উত্তর আফ্রিকা এবং মধ্য এশিয়া অঞ্চলের বিভিন্ন ধরণের পেশাজীবিদের দলকে একত্রিত করা, যারা ক্ষুদ্র অর্থায়ন ব্যাংক, ব্যাংক নয় এমন প্রতিষ্ঠান, দাতা সংস্থা, নিয়ন্ত্রণকারী সংস্থা, বিনিয়োগ প্রতিষ্ঠান, ফাইন্যান্সিয়াল টেকনোলজি ইন্ডাস্ট্রির প্রতিনিধিত্ব করে। প্রশিক্ষণে বাংলাদেশের দলটি সিডিএফ এর নেতৃত্বে অংশগ্রহণ করে যেখানে এমআরএ, ইভিসি এবং খ্যাতিমান শিক্ষাবিদরা (এ্যাকাডেমিশিয়ান) উপস্থিত ছিলেন। প্রশিক্ষণের অংশগ্রহণমূলক ও তথ্যবহুল সেশন সমূহে আফগানিস্তান, বাংলাদেশ, ইন্ডিয়া, নেপাল, পাকিস্তান এবং শ্রীলংকার অর্থায়ন ব্যবস্থার উন্নয়নের জন্য প্রচেষ্টা ও করণীয় সমূহ উপস্থাপন ও আলোচনা করা হয়। প্রশিক্ষণে পদক্ষেপ এর পক্ষ থেকে নির্বাহী পরিচালক জনাব মোঃ সালেহ বিন সামস ও মাইক্রোফাইন্যান্স উইং এর পরিচালক জনাব মুহম্মদ রিসালাত সিদ্দীক অংশগ্রহণ করেন।

## জাতীয় এএসপি প্রোগ্রামের কর্মকর্তাদের পদক্ষেপ এর এইচআইভি প্রকল্পের চট্টগ্রাম সার্ভিস সেন্টার পরিদর্শন



গত ১১ মে ২০২২ তারিখ স্বাস্থ্য অধিদপ্তরের এইডস/এসটিডি প্রোগ্রাম (এএসপি) এর উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ চট্টগ্রাম জেনারেল হাসপাতালে অবস্থিত পদক্ষেপ এর এসটিআই/এইচআইভি প্রিভেনশন সার্ভিস সেন্টার পরিদর্শন করেন। পরিদর্শন টীমে উপস্থিত ছিলেন এনএএসসি এর পরিচালক ডাঃ শাহ মোহাম্মদ জসিম উদ্দিন, উপ পরিচালক ও প্রোগ্রাম ম্যানেজার ডাঃ মোঃ আনোয়ারুল আমিন আখন্দ, বিএসএমএমইউ এর প্রফেসর ডাঃ সাইফুল্লাহ মুন্সী, এএসপি এর এম এ্যান্ড ই এক্সপার্ট ডাঃ নুসরাত মোমেন। এ সময় পদক্ষেপ এর প্রোগ্রাম উইং এর উপ পরিচালক জনাব মোঃ মনিরুজ্জামান সিদ্দীক ও প্রকল্পের টীম লিডার সৈয়দ আনোয়ার হোসেন'সহ প্রকল্পের অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। সার্ভিস সেন্টারের শুভ উদ্বোধন করেন পরিদর্শন টীমের প্রধান এনএএসসি এর পরিচালক ডাঃ শাহ মোহাম্মদ জসিম উদ্দিন। এ সময় সার্ভিস সেন্টর ও প্রকল্পের বিভিন্ন কর্মকান্ডের উপর ব্রিফিং করেন পদক্ষেপ এর উপ পরিচালক জনাব মোঃ মনিরুজ্জামান সিদ্দীক। পরিদর্শকবৃন্দ প্রকল্পের বিভিন্ন সেবার বিষয়ে খোঁজ খবর নেন এবং সেবার মান উন্নয়নে ইতিবাচক পরামর্শ প্রদান করেন।

## পরিবেশ সচেতনতা বিষয়ক সেমিনার



পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় পদক্ষেপ এর সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর উপপ্রকল্প প্রমোশন অব সেইফ স্ট্রিট ফুড ম্যানেজমেন্ট প্র্যাকটিসেস এর আওতায় গত ১৯ মে ২০২২ তারিখে ঢাকার মোহাম্মদপুর ও মিরপুর ব্রাঞ্চের ক্ষুদ্র উদ্যোক্তাদের নিয়ে পরিবেশ সচেতনতা বিষয়ক একটি সেমিনার অনুষ্ঠিত হয়।

মিরপুর ব্রাঞ্চ অফিসে অনুষ্ঠিত সেমিনারে অন্যান্যদের মধ্যে প্রজেক্ট ম্যানেজার জনাব আয়শা সিদ্দিকা বক্তব্য রাখেন। তিনি অংশগ্রহণকারী সকল উদ্যোক্তাদের ধন্যবাদ ও শুভেচ্ছা জানিয়ে প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য বর্ণনা করেন। একইসাথে হোটেল/রেস্টুরেন্ট এর পরিবেশগত উন্নয়ন ও টেকসই চর্চা নিয়ে আলোচনা করেন। পাশাপাশি পরিবেশ কর্মকর্তা মৌসুমি কর হোটেল/রেস্টুরেন্ট এর সৃষ্ট বর্জ্য কিভাবে সঠিক উপায়ে সংরক্ষণ করা যায় সে বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। সেমিনারটি সঞ্চালনা করেন টেকনিক্যাল অফিসার লিভা আক্তার। এছাড়া প্রকল্পের একাউন্টস এন্ড প্রকিউরমেন্ট অফিসার মোঃ রফিকুল ইসলাম, মিরপুর ব্রাঞ্চের ব্রাঞ্চ ম্যানেজার মো: আশরাফুল ইসলাম সেমিনারে উপস্থিত ছিলেন।

# মার্কেট স্থাপনের বিষয়ে রংপুর সিটি কর্পোরেশন মেয়রের সাথে পরামর্শ সভা




গত ২২ মে ২০২২ তারিখে পদক্ষেপ এর 'প্রমোশন অব সেইফ স্ট্রিট ফুড ম্যানেজমেন্ট প্র্যাকটিসেস' এবং পরিবেশ বান্ধব বৈচিত্র্যময় হস্তশিল্প প্রকল্পের আওতায় রংপুর সিটি কর্পোরেশনের সাথে একটি পরামর্শ সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রংপুর পৌর মেয়র জনাব মো: মোস্তাফিজার রহমান মোস্তফা। সভাটি রংপুরের ওয়েস্টার্ণ কুইজিন হোটেলে অনুষ্ঠিত হয়।

প্রকল্পের ফোকাল পার্সন ও পদক্ষেপ প্রোগ্রাম উইং এর উপ পরিচালক জনাব মোঃ মনিরুজ্জামান সিদ্দীক সভার সূচনা বক্তব্যে পদক্ষেপ ও প্রকল্পের সংক্ষিপ্ত পরিচিতি'সহ হস্তশিল্প উৎপাদনের জন্য টেকসই উদ্যোগ, বৈচিত্র্যময় এবং উদ্ভাবনমুলক হস্তশিল্প উৎপাদনে সহায়তা প্রদান, হস্তশিল্প পণ্যের জন্য প্রিমিয়াম বাজারে সংযোগ তৈরী, নগরবাসীর জন্য নিরাপদ খাদ্য, বিক্রেতাদের পরিবেশ দূষন ও পেশাগত বিপত্তি এবং জীবিকার ঝুঁকি হ্রাস করার জন্য প্রযুক্তিতথ্য সরবরাহ'সহ রংপুর শহরে একটি স্থায়ী মার্কেট প্রতিষ্ঠা করার কথা তুলে ধরেণ। যেন এই নতুন মার্কেটে সকল ক্ষুদ্র উদ্যোক্তা একই জায়গায় তাদের ব্যবসা পরিচালনা করতে পারেন। তিনি ক্ষুদ্র উদ্যোক্তাদের উদ্দেশ্যে বলেন, আপনারা হাসলে আমরা হাসবো, পদক্ষেপ হাসবে ও প্রকল্প হাসবে এবং সর্বোপরী নগরীবাসী হাসবে।

সভার প্রধান অতিথির বক্তব্যে মেয়র মহোদয় পদক্ষেপকে ধন্যবাদ জানিয়ে বলেন, "পদক্ষেপ যে কাজগুলো হাতে নিয়েছে সেগুলো নি:সন্দেহে অনেক ভাল কাজ এবং প্রশংসার দাবি রাখে। এই কাজগুলো আমাদেরই বাস্তবায়ন করার কথা। আপনারা যে প্রকল্প হাতে নিয়েছেন তা কিভাবে আরও ভালভাবে করা যায় সে বিষয়ে আমরা আপনাদেরকে সর্বাত্বক সহযোগিতা করবো। তিনি বলেন, আয়তনের দিক থেকে রংপুর সিটি কর্পোরেশন বাংলাদেশের অন্যান্য বড় সিটিগুলোর দিক থেকে নবম অবস্থানে আছে। তাই এখানে অনেক উন্নয়নমুলক কাজ করতে হয়। আমরা অবশ্যই ক্ষুদ্র উদ্যেক্তাদের জন্য একটি মার্কেট স্থাপন করবো, যাতে একই ছাতার নীচে সকল ক্ষুদ্র উদ্যোক্তা তাদের স্ট্রীট ফুড ও হস্তশিল্প ব্যবসার প্রসার ঘটাতে পারে। তাই কোন জায়গায় মার্কেট তৈরী করলে ভাল হয় এবং সেখানকার অবস্থান সম্পর্কে আমাদের সিটি কর্পোরেশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তারা আপনাদেরকে অবগত করবে। প্রেজেন্টেশনে মার্কেটের ডেমো দেখে তিনি বলেন, একই জায়গায় এসে যদি স্ট্রীট ফুড এবং হস্তশিল্প ব্যবসায়ীরা পরিস্কার পরিচ্ছন্ন পরিবেশ এবং সুপেয় পানি ও টয়লেটের সুবিধা পায় তাহলে সকলের মধ্যে ব্যবসার আগ্রহ বাড়বে"।

এসময় সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন রংপুর জোনের সহকারী পরিচালক ও জোনাল ম্যানেজার, এরিয়া ম্যানেজার, রংপুর সদর ও সিও বাজার শাখার ম্যানেজারবৃন্দ, জোনের সিনিয়র ম্যানেজার (এডমিন এ্যান্ড এ্যাকাউন্টস), সংশ্লিষ্ট এলাকার ক্ষুদ্র উদ্যোক্তাবৃন্দ, সিটি কর্পোরেশনের কর্মকর্তাবৃন্দ এবং প্রকল্পের সকল কর্মকর্তাবৃন্দ।

উল্লেখ্য, প্রকল্পগুলো বিশ্ব ব্যাংক এর অর্থায়নে ও পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় পদক্ষেপ বাস্তবায়ন করছে।

# খাদ্য নিরাপত্তা ও স্বাস্থ্যবিধির উপর প্রশিক্ষণ



পদক্ষেপ এর সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর উপপ্রকল্প প্রমোশন অব সেইফ স্ট্রিট ফুড ম্যানেজমেন্ট প্র্যাকটিসেস প্রকল্পের ক্ষুদ্র উদ্যোক্তাদের নিয়ে সম্প্রতি খাদ্য নিরাপত্তা ও স্বাস্থ্যবিধি সংক্রান্ত কাজের উপর ২টি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। গত ১৮ মে ২০২২ তারিখে ঢাকার মিরপুর ও মোহাম্মদপুর কর্ম এলাকার ক্ষুদ্র উদ্যোক্তাদের নিয়ে পদক্ষেপ ইন্সটিটিউট অব ডেভেলপমেন্ট এ্যান্ড ম্যানেজমেন্ট (পিআইডিএম) সেন্টারে এবং রংপুর সদর ও সিও বাজার শাখার কর্ম এলাকার উদ্যোক্তাদের প্রশিক্ষণটি রংপুর জেলা স্কাউটস ভবনে অনুষ্ঠিত হয়। ঢাকার প্রশিক্ষণে সভাপতিত্ব করেন পদক্ষেপ এর প্রোগ্রাম উইং এর উপপরিচালক জনাব মোঃ মনিরুজ্জামান সিদ্দীক।

অনুষ্ঠানে স্বাগত ও শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন প্রকল্প ব্যবস্থাপক জনাব আয়শা সিদ্দীকা। তিনি খাদ্য উৎপাদন থেকে শুরু করে খাদ্য পরিবেশন, স্বাস্থ্য সুরক্ষা, নিরাপদ পানির ব্যবহার, সঠিক তাপমাত্রায় খাবার সংরক্ষণ করা, নিরাপদ খাদ্য বিক্রয় করা ইত্যাদি বিষয়ে দিকনির্দেশনা ও পরামর্শ দেন। কর্মক্ষেত্রে নিরাপত্তা, স্বাস্থ্য সুরক্ষা এবং স্বাস্থ্যবিধির উপর অনুষ্ঠিত প্রশিক্ষণগুলোতে স্বাস্থ্যসম্মত উপায়ে খাদ্য প্রস্তুত, সংরক্ষণ ও নিরাপদ খাদ্য সম্পর্কিত বিষয়ে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রদান করেন টেকনিক্যাল অফিসার লিভা আক্তার যা ঢাকায় অনুষ্ঠিত হয়।

পরিবেশগত উন্নয়নের জন্য ক্ষুদ্র উদ্যোক্তাদের পরিবেশচর্চা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন কর্মকান্ড বিষয়ে বিস্তারিত আলোচনা করেন পরিবেশ কর্মকর্তা মৌসুমি কর। হোটেল ও স্ট্রিট ফুড ভ্যান পরিষ্কার রাখা, নিরাপদ পানির ব্যবহার, কাঁচা ও রান্না করা খাবার আলাদাভাবে তৈরি ও সংরক্ষণ করা এবং খাদ্যের নিরাপত্তা রক্ষায় করণীয় সর্ম্পকে ও একই সাথে পরিবেশকে ঠিক রেখে কিভাবে কাজ যায় তা নিয়ে বিস্তারিত আলোচনা করেন টেকনিক্যাল অফিসার ননী গোপাল রায়। রংপুরের অনুষ্ঠানটি পরিচালনা করেন প্রকল্পের ডকুমেন্টেশন অফিসার মোস্তাফিজার রহমান।

# পরিবেশ সচেতনতা বিষয়ক প্রশিক্ষণ




বিশ্ব ব্যাংক এর অর্থায়নে ও পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় পদক্ষেপ কর্তৃক বাস্তবায়নাধীন সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর উপ প্রকল্প প্রমোশন অব সেইফ স্ট্রিট ফুড ম্যানেজমেন্ট প্র্যাকটিসেস প্রকল্পের আওতায় গত ১৭ মে ২০২২ তারিখে পদক্ষেপ এর মিরপুর ব্রাঞ্চ অফিসে দিনব্যাপী ক্ষুদ্র উদ্যোক্তাদের পরিবেশগত সচেতনতা বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করা হয়। ঢাকার মোহাম্মদপুর এবং মিরপুর ব্রাঞ্চের ক্ষুদ্র উদ্যোক্তাদের অংশগ্রহণে উক্ত প্রশিক্ষণে পরিবেশ কি, পরিবেশের উপাদানগুলো কি কি, ক্ষুদ্র উদ্যোক্তাদের পরিবেশ সচেতনতা বৃদ্ধি করা'সহ বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয়। পরিবেশগত সচেতন-তা বিষয়ক প্রেজেন্টেশন প্রদান করেন পরিবেশ কর্মকর্তা মৌসুমি কর।

কর্মশালাটি পরিচালনা করেন প্রকল্পের টেকনিক্যাল অফিসার লিভা আক্তার। কর্মশালায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন প্রকল্প ব্যবস্থাপক জনাব আয়শা সিদ্দীকা, প্রকল্পের একাউন্টস এ্যান্ড প্রকিউরমেন্ট অফিসার মো: রফিকুল ইসলাম এবং মিরপুর ব্রাঞ্চের ব্রাঞ্চ ম্যানেজার জনাব মো: আশরাফুল ইসলাম প্রমূখ।

# পরিবেশ বান্ধব বৈচিত্র্যময় হস্তশিল্প উপপ্রকল্পের আওতায় ব্যবসায়িক সনদ বিষয়ক কর্মশালা




সকল ব্যবসা দেশের প্রচলিত আইন দ্বারা স্বীকৃত ও বৈধ হতে হয়। ব্যবসার প্রথম এবং অবিচ্ছেদ্য অংশ হচ্ছে ট্রেড লাইসেন্স। ব্যবসার আইনগত বৈধ্যতা পাওয়ার জন্য ব্যবসায়িক সনদ বা ট্রেড লাইসেন্স, টিন সার্টিফিকেট ও পরিবেশগত ছাড়পত্র সরকারি প্রতিষ্ঠান হতে ইস্যু করা হয়। আমাদের দেশে এমন অনেক ব্যবসায়ী আছেন যারা ট্রেড লাইসেন্স ছাড়াই ব্যবসা করছেন যা সম্পূর্ণ অবৈধ এবং বেআইনী। আবার অনেকেই ব্যবসার আইনগত দিক না বুঝেই ব্যবসা শুরু করেন। ব্যবসার বিভিন্ন বিষয়ের উপর গত ২১ মে ২০২২ তারিখে রংপুর সদরে ব্যবসায়িক সনদ ট্রেড লাইসেন্স, টিন সার্টিফিকেট ও পরিবেশগত ছাড়পত্রের প্রয়োজনীয়তা এবং এর গুরুত্ব বিষয়ক এক কর্মশালার আয়োজন করা হয়। বিশ্ব ব্যাংকের অর্থায়নে এবং পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় পদক্ষেপ এর সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর আওতায় পরিবেশ বান্ধব বৈচিত্রময় হস্তশিল্প উপপ্রকল্প থেকে কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ শামীম হোসেন, প্রধান লাইসেন্স পরিদর্শক, রংপুর সিটি কর্পোরেশন এবং বিশেষ অতিথি হিসেবে মাহমুদুর রহমান উপ কর পরিদর্শক, সার্কেল-১ রংপুর। আরও উপস্থিত ছিলেন পদক্ষেপ এর দিনাজপুর জোনের সহকারী পরিচালক ও জোনাল ম্যানেজার জনাব ফখরুল আহম্মেদ এবং এরিয়া ম্যানেজার আহসানুল। এছাড়াও উপস্থিত ছিলেন প্রজেক্ট ম্যানেজার ইরফানুল বারী এবং হস্তশিল্প উপপ্রকল্পের সংশ্লিষ্ট কর্মকর্তাগন।

বিশেষ অতিথির বক্তব্যে উপ কর কমিশনার মহোদয় বলেন, এই কর্মশালার মধ্য দিয়ে ক্ষুদ্র উদ্যোক্তারা ব্যবসার আইনগত দিকগুলো সম্পর্কে বিশেষভাবে অবগত হবেন। পাশাপাশি টিন সার্টিফিকেট কি এবং কি কাজে লাগে, কিভাবে টিন করতে হয় ও রির্টান দাখিল করতে হয় ইত্যাদি কার্যক্রম সম্পর্কে জানতে ও বুঝতে পারবেন। তিনি উদ্যোক্তাদের সক্ষমতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করে এ ধরনের কর্মশালা আয়োজনের জন্য পদক্ষেপকে ধন্যবাদ জানান।

প্রধান অতিথি বলেন, ব্যবসার আইগত প্রথম ধাপ হচ্ছে ট্রেড লাইসেন্স। ক্ষুদ্র উদ্যোক্তাদের জন্য তাদের ব্যবসার আইনগত বৈধতা পাওয়ার ক্ষেত্রে সরকারি প্রতিষ্ঠান থেকে ব্যবসায়িক সনদ বা ট্রেড লাইসেন্স, টিন সার্টিফিকেট ও পরিবেশগত ছাড়পত্র ইস্যু করা অত্যন্ত জরুরী। তিনি আরও বলেন, অনেক



উদ্যোক্তা আছেন যাদের ট্রেড লাইসেন্স কী ও কীভাবে করতে হয় এবং এর নবায়ন পদ্ধতি কি এ সম্পর্কে তেমন কোন ধারণা নেই। এসব সমস্যা দূর করার জন্য এরকম কর্মশালার অয়োজন করা খুবই গুরুত্বপূর্ণ। তিনি ব্যবসায়িক সনদ সংক্রান্ত পৌরসভার সেবা কার্যক্রম সম্পর্কে সম্যক ধারণা প্রদান করেন এবং হস্তশিল্পে যে সকল ক্ষুদ্র উদ্যোক্তা রয়েছে তারা যদি পৌরসভার সেবা নিতে চায় নিয়মানুযায়ী সেবা প্রদান করবেন বলে সকলকে আশ্বস্ত করেন।

অংশগ্রহণকারীদের সুচিন্তিত মতামত প্রদান ও প্রাণবন্ত আলোচনার মাধ্যমে কর্মশালাটি অত্যন্ত ফলপ্রসু হয়ে ওঠে। টেকসই উন্নয়নের জন্য হস্তশিল্পের প্রসারে বৈচিত্রময় পণ্য তৈরীতে পরিবেশবান্ধব প্রযুক্তি ব্যবহার ও ক্ষুদ্র উদ্যোক্তাদের আর্থিক সহায়তা প্রদানের পাশাপাশি পরিবেশকে ঠিক রেখে কার্যক্রম পরিচালনার ওপর গুরত্বারোপ করে কর্মশালাটি শেষ করা হয়।

# পরিবেশ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ



গত ১৫ এবং ২৮ মে ২০২২ তারিখে রংপুর জেলার বিরামপুর ও কাউনিয়া ব্রাঞ্চ অফিসে পরিবেশ ব্যবস্থাপনার উপর একটি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে পরিবেশগত অনুশীলনের ধারণা ছড়িয়ে দেওয়া এবং উদ্যোক্তাদের পরিবেশবান্ধব কর্মকাণ্ড করার উপর গুরুত্বরোপ করেন বক্তারা। উদ্বোধনের পর প্রশিক্ষণের সার সংক্ষেপ উপস্থাপন করেন পরিবেশ অফিসার আলিফা তাজমিন। তিনি তার উপস্থাপনায় প্রতিষ্ঠানের পরিচয়, প্রকল্পের পটভূমি এবং লক্ষ্য ও উদ্দেশ্য বর্ণনা করেন। কর্মস্থলে পরিবেশের ঝুঁকি ও প্রতিকার, শারীরিক ঝুঁকি, কর্মস্থলে সম্ভাব্য দূর্ঘটনা ও বিপদ এবং কাজের সময় কি কি ত্রড়িয়ে চলতে হবে, টয়লেট সুবিধা, কর্মক্ষেত্রে আলোর ব্যবস্থা, পরিবেশ আইনের উপস্থিতি এবং প্রকল্পের সার্বিক ব্যবস্থাপনা বিষয়গুলো তিনি তার পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে তুলে ধরেন।

বিশ্বব্যাংক এবং পিকেএসএফ এর সহায়তায় বাস্তবায়িত প্রকল্পটিতে প্রশিক্ষণ প্রদান করেন পরিবেশ কর্মকর্তা এবং তাকে সহযোগিতা করেন প্রজেক্ট কর্মকর্তাগন। এসময় টেকসই উন্নয়নের জন্য হস্তশিল্পের প্রসারে বৈচিত্রময় পণ্য তৈরীতে পরিবেশবান্ধব প্রযুক্তি ব্যবহার ও ক্ষুদ্র উদ্যোক্তাদের আর্থিক সহায়তা প্রদানের পাশাপাশি পরিবেশকে ঠিক রেখে কার্যক্রম পরিচালনার ওপর গুরুত্বারোপ করেন বক্তারা। সকল অংশগ্রহণকারী স্বতস্ফূর্তভাবে প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।

# ইসিসিসিপি-ফ্লাড প্রকল্পের কার্যক্রম







গ্রীন ক্লাইমেট ফাণ্ড কর্তৃক অর্থায়নকৃত ও পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় পদক্ষেপ এক্সটেন্ডেড কমিউনিটি ক্লাইমেট চেঞ্জ (ইসিসিসিপি-ফ্লাড) প্রকল্পের আওতায় কুড়িগ্রাম জেলার রৌমারীতে গ্রামীণ চর এলাকার দরিদ্র ও হতদরিদ্র জনগোষ্ঠীর বসতভিটা উঁচুকরণ, বন্যামুক্ত নলকূপ ও স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন স্থাপন, মাঁচা পদ্ধতিতে ছাগল পালন, চর এলাকায় উচ্চমুল্যের কৃষি প্রযুক্তি সম্প্রসারণ কার্যক্রম বাস্তবায়ন করছে।

উক্ত প্রকল্পের আওতায় গত মে ২০২২ মাসে ৪৪৯টি বসত ভিটায় মাটি ভরাট করে উঁচুকরণের কাজ সম্পন্ন করা হয়েছে। ৫৭টি স্যানিটারী ল্যাট্রিন ও ৯টি নলকূপ স্থাপন করা হয়েছে । ১৩২ জন উপকারভোগীকে কৃষি বিষয়ক প্রশিক্ষণ ও ১৫০ জনকে মাঁচা পদ্ধতিতে ছাগল পালন এবং ২৬৪ জনকে গম চাষে আধুনিক কলাকৌশল বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া ৪০২টি ছাগলের মাঁচা, ২৭৬ জনকে বারিগম ও সার এবং ১৩২ জনকে ব্রি-৫১ ও ব্রি-৫২ ধানের বীজ প্রদান করা হয়েছে। পাশাপাশি ১৩০০টি সাপ্তাহিক সভা পরিচালনা করা হয়। এসব সভায় সুবিধাভোগীদের সাথে মতবিনিময় এবং কি উপায়ে সহজে সকলে মিলে একসাথে কাজ করা যায় ও ঘরবাড়ির যত্ন নেয়া যায় এবং ভরাট করা বসতবাড়ি সংরক্ষণের উপায় সম্পর্কে খোলামেলা আলোচনা ও পরামর্শ প্রদান করা হয়। সেইসাথে বাড়ির চারপাশে ফলের গাছ ও সবজি চাষ করার পরামর্শ প্রদান করা হয়। গত ২৫ নভেম্বর ২০২০ তারিখে প্রকল্পটির চুক্তিপত্র স্বাক্ষরিত হয়েছিল।

# লবণ চাষীদের স্বাস্থ্য ঝুঁকি বিষয়ক প্রশিক্ষণ প্রদান



পদক্ষেপ এর সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর উপপ্রকল্প পরিবেশ বান্ধব উপায়ে সামুদ্রিক লবণ উৎপাদন ও ব্যবসা জোরদারকরণ প্রক্রিয়ার লক্ষ্যে কক্সবাজার জেলার চকরিয়া উপজেলার ডুলাহাজারা ইউনিয়নের ডুলাহাজারা ইসলামিয়া দাখিল মদ্রাসা মিলনায়তনে প্রকল্পের ক্ষুদ্র উদ্যোক্তাদের নিয়ে দিনব্যাপী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রকল্পের ব্যবস্থাপক রঞ্জন কান্তি পন্ডিতের সভাপতিত্বে এবং ডকুমেন্টেশন অফিসার মু. সাঈদুল ইসলাম সাঈদ এর সঞ্চালনায় গত ১১ মে ২০২২ তারিখে প্রশিক্ষণটি অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে লবণ চাষী ও চাষী পরিবারের সদস্যদের স্বাস্থ্য ঝুঁকি এবং লবণের উপকার ও অপকারিতা বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সেইসাথে লবণ চাষীরা কিভাবে স্বাস্থ্যসম্মতভাবে জীবন যাপন করতে পারেন সে বিষয়ে বিভিন্ন পরামর্শ প্রদান করা হয়। সভায় কক্সবাজার জেলার বিসিক এর ডিজিএম জনাব জাফর ইকবাল ভুঁইয়া প্রধান অতিথি হিসেবে এবং এক্সটারনাল অফিসার জনাব মঞ্জুরুল আলম বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়া প্রকল্পের পরিবেশ কর্মকর্তা মিনহাজ হাসান সুজন'সহ অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

প্রধান অতিথি বলেন, বৃহত্তর চট্টগ্রামের দক্ষিণাঞ্চল অর্থাৎ কক্সবাজার ও বাঁশখালীতে বিস্তৃত হয়ে আছে লবণ শিল্প। লবণ শিল্পের সাথে জড়িত সকল পেশাজীবী মানুষ বর্তমানে কঠিন সময় কাটাচ্ছেন। ঠিক সেই মুহুর্তে লবণ শিল্প ও লবণ চাষীদের পাশে দাঁড়িয়ে এই শিল্প বাঁচিয়ে রাখার স্বার্থে পদক্ষেপ যে প্রকল্প হাতে নিয়েছে এবং কার্যক্রম পরিচালনা করছে সেজন্য বিসিক এর পক্ষ থেকে সাধুবাদ জানানো হয়। তিনি পরিবেশের ভারসাম্য রক্ষা করে লবণ উৎপাদনের পরিমাণ বৃদ্ধি ও লবণের মান সমৃদ্ধকরণ প্রক্রিয়া বাস্তবায়নে সকল প্রয়োজনীয় সহায়তা প্রদানের আশ্বাস দেন। বিসিক সবসময় পদক্ষেপ এর পাশে আছে এবং ভবিষ্যতেও থাকবে বলে তিনি আশ্বস্ত করেন। এই অঞ্চলের লবণ চাষী ও লবণ ব্যাবসায়ীদের মান উন্নয়নে বিসিক কাজ করছে এবং লবণচাষীদের ভাগ্য উন্নয়নে বিসিক ও পদক্ষেপ যুগোপৎভাবে কাজ করবে। সম্প্রতি লবণে মাইক্রো প্লাস্টিকের উপস্থিতির কথা উল্লেখ করে তিনি বলেন, প্লাস্টিকমুক্ত লবণ উৎপাদনে চাষীদের উৎসাহিত করতে পদক্ষেপ এর পলিথিন বিহীন লবণ উৎপাদন প্রক্রিয়ার ভূয়সী প্রশংসা করেন। পাশাপাশি তিনি পলিথিন রিসাইকেল প্রক্রিয়ার প্রশংসা করে বলেন, এই প্রক্রিয়ায় একদিকে পরিবেশের ভারসাম্য রক্ষা পাবে একইভাবে লবণচাষীরা তাদের ব্যবহৃত পলিথিন থেকে আর্থিকভাবে লাভবান হবে। সেইসাথে রাজস্ব বৃদ্ধিতে অবদান রাখতে পলিথিন রিসাইকেলের মাধ্যমে প্লাস্টিক পলিথিন হতে সুতা তৈরী করার পরামর্শ প্রদান করেন। একইসাথে চলমান মৌসুম হতে লবণের দাম বৃদ্ধির বিষয়ে আশ্বস্ত করেন এবং এই শিল্পের ফলে চাষীরা যেন লাভবান হতে পারে সেলক্ষ্যে বিসিক কাজ করে যাচ্ছে বলে তিনি উদ্যোক্তাদেরকে অবহিত করেন।

সভায় পরিবেশবান্ধব উপায়ে লবণ উৎপাদনের বিভিন্ন দিকনির্দেশনা মূলক আলোচনায় লবণ চাষীরা অংশগ্রহণ করেন। এসময় লবণ চাষীদের পক্ষ থেকে বলা হয় পদক্ষেপ লবণ চাষীদের সমৃদ্ধির লক্ষ্যে আর্থিক ও কারিগরি সুবিধা, বিভিন্ন প্রশিক্ষণ প্রদান, শ্রমিকদের বিশ্রামের জন্য শেড তৈরী, স্বচ্ছ পানি পানে ডীপটিউবওয়েল, হ্যান্ড পাম্প এবং ল্যাট্রিন স্থাপন করায় লবণ ব্যবসায়ী ও চাষীরা প্রত্যেকে উপকৃত হয়েছি। যার ফলে আমরা এই শিল্পের প্রতি আরও বেশী মনোনিবেশ করার প্রেরণা পেয়েছি। সামুদ্রিক লবণ উৎপাদন প্রক্রিয়া আমরাদের কাছে একদমই নতুন। সামুদ্রিক লবণ উৎপাদন প্রক্রিয়ায় আমরা পদক্ষেপ থেকে অনুপ্রাণীত হচ্ছি। প্রশিক্ষণে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ডুলাহাজারায় অবস্থিত বিভিন্ন স্তরের লবণ চাষী ও তাদের পরিবারের সদস্যরা। লবণ চাষীদের জীবনমান ও পরিবেশগত উন্নয়নের লক্ষ্যে কক্সবাজার সদর ও চকরিয়া এবং চট্টগ্রামের বাঁশখালী উপজেলায় ৮৫০ জন লবণ চাষীদের নিয়ে কাজ করছে পদক্ষেপ।

# বুনন শিল্প বিষয়ক প্রশিক্ষণ



গত ২৬ ও ৩১ মে ২০২২ তারিখে দিনাজপুর ও রংপুর সদরে পদক্ষেপ কর্তৃক বাস্তবায়িত 'সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি)' এর আওতায় 'পরিবেশবান্ধব বৈচিত্র্যময় হস্তশিল্পের প্রসার' উপপ্রকল্পের উদ্ভাবনী হস্তশিল্প তৈরিতে সক্ষমতা বৃদ্ধির জন্য 'বুনন শিল্প বিষয়ক প্রশিক্ষণ' অনুষ্ঠীত হয়। বিশ্ব ব্যাংক ও পল্লী কর্ম সহায়ক সংস্থা (পিকেএসএফ) এর সহযোগিতায় আয়োজিত প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন নীল অপরাজিতা এর সত্ত্বাধীকারী জাকিয়া ফেরদৌসী। তিনি প্রশিক্ষণার্থীদের বুনন শিল্প সম্পর্কে উদ্ভাবনী বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন। এসময় ২০ ধরনের সেলাই প্রক্রিয়া বিষয়ে হাতে কলমে প্রশিক্ষণ দেন। বুনন শিল্পে কীভাবে ডলারে ফ্রেম, ডলার বিডস, কাঁথা স্টিচ, লেজি ডেজি, ফুলকারি ভরাট, চট সেলাই, লখনৌ স্টিচ, শীর পাতা ভরাট ইত্যাদি বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। প্রশিক্ষণটি পরিচালনা ও সার্বিক সহযোগিতায় ছিলেন প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ। প্রশিক্ষণার্থীদের সুচিন্তিত মতামত ও সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে প্রশিক্ষণটি প্রানবন্ত হয়ে ওঠে।

# অনলাইন মার্কেটিং বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত




বিশ্ব ব্যাংক এর অর্থায়নে এবং পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় পদক্ষেপ কর্তৃক বাস্তবায়নাধীন সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর আওতায় পরিবেশবান্ধব বৈচিত্র্যময় হস্তশিল্পের প্রসার প্রকল্পের অনলাইন মার্কেটিং বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। গত ২২ ও ২৪ মে ২০২২ তারিখে রংপুর ও দিনাজপুরে পদক্ষেপ আয়োজিত প্রশিক্ষণটিতে রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা ইনডিসপ্রো এর সিইও জনাব এম তৌফিকুল আরাফাত। এছাড়াও উপস্থিত ছিলেন দারাজ এর কার্যনির্বাহী জনাব মোঃ মাজেদুল ইসলাম এবং প্রকল্পের বিভিন্ন কর্মকর্তাবৃন্দ। প্রশিক্ষক অংশগ্রহণকারীদের হাতে কলমে এবং ডেমো হিসেবে একাউন্ট খোলা, পোস্ট, লোগো ইত্যাদি বিষয়ে দেখিয়ে দেন। প্রশিক্ষণে দারাজ এর প্রতিনিধি সকল উদ্যোক্তাদের অনলাইন মার্কেটিং এর জন্য উৎসাহিত করেন এবং দারাজে সেলার হিসেবে আহবান জানান। তিনি দারাজে সেলার হিসেবে উদ্যোক্তা হওয়ার জন্য দারাজের শর্তবলী ও সুযোগ সুবিধা সম্পর্কে আলোচনা করেন।

সমাপনী অধিবেশনে মার্কেটিং অফিসার মোঃ মাকসুদুর রহমান উপস্থিত সকল উদ্যোক্তাদেরকে বলেন, টেকসই উন্নয়নের জন্য 'পরিবেশবান্ধব বৈচিত্র্যময় হস্তশিল্পের প্রসারে' পণ্য বিপননের ক্ষেত্রে প্রযুক্তিগত ব্যবহারের মাধ্যমে আর্থিক অবস্থা পরিবর্তনের পাশাপাশি পরিবেশগত সর্বাধিক সাহায্যে পদক্ষেপ নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

# খাদ্য প্রক্রিয়াকরণ ও ব্যবস্থাপনা বিষয়ে শেফদের প্রশিক্ষণ



”নিরাপদ খাবার সবার অধিকার” এই প্রতিপাদ্যকে সামনে রেখে পদক্ষেপ গত ২০ মে ২০২২ তারিখে সাসটেইনেবল এন্টারপাইজ প্রজেক্ট (এসইপি) এর আওতায় প্রমোশন অব সেইফ স্ট্রিট ফুড ম্যানেজমেন্ট প্র্যাকটিসেস প্রকল্পের মোহাম্মদপুর ও মিরপুর ব্রাঞ্চের ক্ষুদ্র উদ্যোক্তাদের মধ্যে হোটেল ব্যবসায়ীদের নিয়ে ১ দিনের “ট্রেনিং অব চীফ অন ফুড প্রসেসিং এ্যান্ড ম্যানেজমেন্ট” বিষয়ে একটি প্রশিক্ষণের আয়োজন করে। প্রশিক্ষণে স্বাগত বক্তব্য রাখেন প্রজেক্ট ম্যানেজার জনাব আয়শা সিদ্দীকা।

প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন পদক্ষেপ এর প্রোগ্রাম উইং এর উপ পরিচালক জনাব মোঃ মনিরুজ্জামান সিদ্দীক। তিনি প্রকল্পের উদ্দেশ্য, নিরাপদ খাদ্য, পরিবেশ দূষণ, খাদ্য আইন, খাবার প্রস্তুত ও পরিবেশনের ক্ষেত্রে সুষ্ঠু ও সুন্দর পরিবেশে খাদ্য সরবরাহের প্রয়োজনীয়তা তুলে ধরেন এবং প্রশিক্ষণের উদ্বোধন করেন। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ঢাকা জোনের সহকারী পরিচালক ও জোনাল ম্যানেজার জনাব মোঃ আবুল বাসার। প্রশিক্ষণে সুস্বাদু ও স্বাস্থ্যসম্মত রান্নার পদ্ধতি ও হাতে কলমে রান্না বিষয়ক প্রশিক্ষণ প্রদান করেন ঢাকা পর্যটন মোটেলের প্রধান শেফ জনাব মো: সূফী আহমেদ। দিনব্যাপী রান্নার প্রশিক্ষণে অংশগ্রহণকারীরা স্বস্তস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন। তারা রান্নার বিভিন্ন খুঁটিনাটি বিষয়ে শেফের সাথে আলোচনা করেন এবং নতুন নতুন রেসিপি সম্পর্কে প্রশ্ন জিজ্ঞেস করেন। প্রশিক্ষণটিতে সার্বিকভাবে সহযোগিতা করেন টেকনিক্যাল অফিসার লিভা আক্তার ও এনভায়রনমেন্ট অফিসার মৌসুমী কর এবং মোহাম্মদপুর ও মিরপুর ব্রাঞ্চের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

# পদক্ষেপ এর এইচআইভি প্রিভেনশন প্রকল্পের এসটিআই বিষয়ক রিফ্রেশার্স প্রশিক্ষণ অনুষ্ঠিত



গত ২৯-৩১ মে ২০২২ তারিখে ঢাকায় পদক্ষেপ ইনস্টিটিউট অব ডেভেলপমেন্ট এ্যান্ড ম্যানেজমেন্ট (পিআইডিএম)-এ ৩ দিনব্যাপী রিফ্রেশার্স ট্রেনিং অন এসটিআই ম্যানেজমেন্ট বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। পদক্ষেপ এর এসটিআই/এইচআইভি প্রিভেনশন সার্ভিস প্রকল্পের মেডিকেল এ্যাসিস্ট্যান্ট কাম কাউন্সিলরদের অংশগ্রহণে প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন পদক্ষেপ এর ক্লিনিক্যাল কোয়ালিটি অ্যাসুরেন্স কোঅর্ডিনেটর ডা. ইউসুফ নবী। উক্ত প্রশিক্ষণ প্রদানের ফলে মেডিক্যাল এ্যাসিস্ট্যান্টদের চিকিৎসা প্রদানের ক্ষেত্রে সক্ষমতা বৃদ্ধি পাবে এবং এসটিআই চিহ্নিত করা সহজ হবে। প্রশিক্ষণে অন্যানের মধ্যে উপস্থিত ছিলেন প্রকল্পের টীম লিডার সৈয়দ আনোয়ার হোসেন'সহ প্রকল্পের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

# পদক্ষেপ এর এইচআইভি প্রিভেনশন প্রকল্পের মেডিকেল এ্যাসিস্ট্যান্ট কাম কাউন্সিলরদের এসটিএস বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত



গত ১৭-১৯ মে ২০২২ তারিখে ঢাকায় পদক্ষেপ ইনস্টিটিউট অব ডেভেলপমেন্ট এ্যান্ড ম্যানেজমেন্ট (পিআইডিএম) এ ৩ দিনব্যাপী এসটিএস বিষয়ক ট্রেনিং অনুষ্ঠিত হয়েছে। পদক্ষেপ এর এসটিআই/এইচআইভি প্রিভেনশন সার্ভিস প্রকল্পের ৪টি জেলা পটুয়াখালী, চট্টগ্রাম, রাজশাহী এবং ঢাকা থেকে আগত মেডিকেল এ্যাসিস্ট্যান্ট কাম কাউন্সিলরদের এসটিএস ও এইচআইভি টেস্টিং সার্ভিস বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন পদক্ষেপ এর ক্লিনিক্যাল কোয়ালিটি অ্যাসুরেন্স কোঅর্ডিনেটর ডা. ইউসুফ নবী। প্রশিক্ষণে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন প্রকল্পের টীম লিডার সৈয়দ আনোয়ার হোসেন'সহ প্রকল্পের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

# পদক্ষেপ এর এইচআইভি প্রিভেনশন প্রকল্পের পিয়ার এডুকেটরদের রিফ্রেশার্স প্রশিক্ষণ



গত ২২ ও ২৩ মে ২০২২ তারিখে পদক্ষেপ ইনস্টিটিউট অব ডেভেলপমেন্ট এ্যান্ড ম্যানেজমেন্ট (পিআইডিএম)-এ ২ দিনব্যাপী ‘রিফ্রেশার্স টেনিং ফর পিয়ার এডুকেটর’ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে রাজশাহী, ঢাকা, চট্টগ্রাম ও পটুয়াখালী হতে প্রকল্পের সকল পিয়ার এডুকেটর ও আউটরিচ সুপারভাইজারগণ অংশগ্রহণ করেন। উক্ত প্রশিক্ষণের মাধ্যমে পিয়ার এডুকেটর ও আউটরিচ সুপারভাইজাররা তাদের দায়িত্ব সম্পর্কে সচেতনতার পাশাপশি কাজের ক্ষেত্রে ব্যবহৃত বিভিন্ন ফরম ফরমেট এর নির্ভুল ব্যবহার ও রিপোর্টিং প্রক্রিয়া সম্পর্কে শিখতে পারে।

দেশের ৪টি জেলায় ৩ হাজার ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর এসটিআই এ্যান্ড এইচআইভি এইডস এর স্বাস্থ্য ঝুঁকি নিয়ন্ত্রণে সচেতনতা সৃষ্টি ও চিকিৎসা বিষয়ক কর্মকাণ্ড পরিচালনার লক্ষ্যে পদক্ষেপ এসটিআই/ এইচআইভি প্রিভেনশন সার্ভিস প্রকল্পটি বাস্তবায়ন করছে। প্রকল্পের টীম লিডার সৈয়দ আনোয়ার হোসেন'সহ প্রকল্পের অন্যান্য কর্মকর্তাবৃন্দ প্রশিক্ষণে উপস্থিত ছিলেন।

# সারাদেশে পুকুর, খাল উন্নয়ন প্রকল্পের আয়বর্ধনমূলক প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত



স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) এর অর্থায়নে পরিচালিত "সারাদেশে পুকুর, খাল উন্নয়ন প্রকল্পের (আইপিসিপি)" আওতায় গত ১৭-১৮ মে ২০২২ তারিখে কুমিল্লায় আয়বর্ধনমূলক প্রশিক্ষণ কর্মসুচির আয়োজন করা হয়। কুমিল্লার মনোহরগঞ্জের নদনা খালের এক কিলোমিটারের ভিতরে বসবাসকারী ৮০ জন উপকারভোগীকে নিয়ে এই প্রশিক্ষণটি সম্পন্ন হয়। এসময় ৪০ জন পুরুষ ও ৪০ জন মহিলা নিয়ে উপকারভোগীদের দল গঠন করা হয়। আয়বর্ধনমূলক প্রশিক্ষণের বিষয়বস্তু ছিল গরু মোটাতাজাকরণ, মাছ চাষ, হাঁস-মুরগী পালন ও শাক-সবজী চাষ। খালের দুই পাশের লোকদের জীবন জীবিকার মান উন্নয়ন করাই এই প্রশিক্ষণের মূল উদ্দেশ্য।

প্রশিক্ষণে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার, নির্বাহী প্রকৌশলী, উপজেলা প্রকৌশলী, উপজেলা চেয়ারম্যান, উপজেলা ভাইস চেয়ারম্যান, ইউনিয়ন চেয়ারম্যান, সিনিয়র অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (আইপিসিপি), অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার, সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার, আইজিএ এক্সপার্ট (এলজিইডি), সোসিওলজিস্ট, রিজিওনাল কোঅর্ডিনেটর (চট্রগ্রাম অঞ্চল), কমিউনিটি অ্যাসিস্ট্যান্ট (লাঙ্গলকোট, কুমিল্লা) প্রমুখ। প্রকল্পটি সম্পন্ন হলে পরিবেশ রক্ষাসহ প্রাতিষ্ঠানিকভাবে পুকুর ও খালের পানি ব্যবহার করে শাক সবজী চাষ, মাছ চাষ, হাঁস পালন ইত্যাদির মাধ্যমে স্থানীয় জনগোষ্ঠী ও বেকার যুবক শ্রেণীকে আয়বর্ধণমূলক কার্যক্রমে সম্পৃক্ত করার মাধ্যমে গ্রামীণ অর্থনৈতিক অবস্থার উন্নয়ন ঘটানো যাবে। একই সাথে সংস্থার চলমান কার্যক্রমকে একটি টেকসই কার্যক্রমে পরিণত করাও সম্ভব হবে।

## মে মাসে প্রশিক্ষণ পেয়েছে ৩৪৭ জন

মে ২০২২ মাসে পদক্ষেপ এর অভ্যন্তরীণভাবে ১ জন টেকনিক্যাল অফিসার ও ১ জন ফিল্ড ফ্যাসিলিটেটর এবং ক্ষুদ্র অর্থায়ন কর্মসূচীর মাঠ পর্যায়ে নতুন নিয়োগপ্রাপ্ত ২৮ জন কমিউনিটি ম্যানেজারকে "বেসিক ওরিয়েন্টেশন" বিষয়ে এবং ২৬ জন পদোন্নতিপ্রাপ্ত ব্রাঞ্চ ম্যানেজারকে "ব্যবস্থাপনা ও নেতৃত্ব উন্নয়ন" বিষয়ে এবং অনলাইনের মাধ্যমে "মাইক্রোজেন সফটওয়্যার এক্সিকিউশন (এফআইএস মডিউল)" বিষয়ে ২৫৯ জন সহকারী ব্রাঞ্চ ম্যানেজার (হিসাব)কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া এইচআইভি/এইডস প্রোগ্রামের এমএ কাম কাউন্সিলর পদের ৪ জনকে "ট্রেনিং অন এইচটিএস" বিষয়ে, ৪ জনকে "রিফ্রেশাস ট্রেনিং অন এসটিআই" এবং ২৩ জনকে "রিফ্রেশাস ট্রেনিং ফর পিয়ার এডুকেশন" বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। পাশাপাশি বহি: উৎস হতে পদক্ষেপ এর ১ জন ব্রাঞ্চ ম্যানেজারকে "আর্থিক বিশ্লেষণ কোর্স" এর উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

## পিআইডিএম এ মাসে সেবা দিয়েছে ৭২৫ জনকে

পদক্ষেপ তার নিজস্ব প্রশিক্ষণ কেন্দ্র পদক্ষেপ ইনস্টিটিউট অব ডেভেলপমেন্ট এ্যান্ড ম্যানেজমেন্ট (পিআইডিএম)-এ পদক্ষেপ'সহ সরকারি বেসরকারী প্রতিষ্ঠানের সহযোগিতায় ও যৌথ ব্যবস্থাপনায় বিভিন্ন বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদান কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়ন করে আসছে। এরই ধারাবাহিকতায় মে ২০২২ মাসে পদক্ষেপ'সহ ১২টি উন্নয়ন সহযোগী সংস্থার মোট ৭২৫ জন কর্মী/উপকারভোগীর অংশগ্রহণে ৩টি মিটিং ও ১২টি প্রশিক্ষণ ব্যাচের ৭২৫ জনের জন্য খাদ্য, ভেন্যু ও আবাসন সেবা প্রদান করা হয়েছে।



এছাড়াও গ্রীন ক্লাইমেট ফাণ্ড কর্তৃক অর্থায়নকৃত এক্সটেন্ডেড কমিউনিটি ক্লাইমেট চেঞ্জ প্রকল্পের আওতায় পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগী সংস্থার ৮০জন কর্মকর্তাদের নিয়ে গত ২৪-২৬ মে ২০২২ তারিখে ৩ দিনব্যাপি এক প্রশিক্ষণের আয়োজন করা হয়। পদক্ষেপ এর পিআইডিএম-এ অনুষ্ঠিত উক্ত প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে বাংলাদেশ সরকারের সাবেক সচিব ও পিকেএসএফ এর ব্যবস্থাপনা পরিচালক ড. নমিতা হালদার এনডিসি এবং বিশেষ অতিথি হিসেবে পিকেএসএফ এর ডেপুটি ব্যবস্থাপনা পরিচালক ড. ফজলে রাব্বি সাদেক আহমেদ ও পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের সাবেক সচিব এবং পদক্ষেপ এর উপদেষ্টা জনাব মোঃ শাহজাহান মজুমদার উপস্থিত ছিলেন।

## এ মাসে রেমিটেন্স লেনদেন হয়েছে ৫৫২টি

মে ২০২২ মাসে বিভিন্ন ব্রাঞ্চের মাধ্যমে মোট ৫৫২ জন গ্রাহককে ২.৬৪ কোটি টাকা রেমিটেন্সের অর্থ প্রদান করা হয়েছে। এভাবে এপর্যন্ত পদক্ষেপ মোট ১,৫৩,৮৯০ জন গ্রাহককে ৪৮৭.৮৪ কোটি টাকা রেমিটেন্সের অর্থ প্রদান করেছে। উল্লেখ্য যে, ক্ষুদ্রঋণ কার্যক্রমের সাথে পদক্ষেপ দেশব্যাপী মানিগ্রাম, ট্রান্স-ফাস্ট, এক্সপ্রেস মানি, সিবিএল মানি ট্রান্সফার, ইজেড রেমিট, আল জাদিদ, আফতাব কারেন্সি, ইউনিমনি, ইনস্ট্যান্ট ক্যাশ ও রিয়া'সহ মোট ২৮টি এক্সচেঞ্জ হাউজ/প্রতিষ্ঠানের মাধ্যমে দ্রুততম সময়ে বিদেশ হতে প্রেরিত রেমিটেন্স গ্রাহকের হাতে পৌঁছে দিচ্ছে।

## এ মাসে ২৯ জনকে নিয়োগ দিয়েছে পদক্ষেপ

মে ২০২২ মাসে পদক্ষেপ এর ক্ষুদ্র অর্থায়ন কর্মসূচির বিভিন্ন ব্রাঞ্চে সিএম পদে ১৫ জন এবং অফিস সহকারী পদে নেত্রকোনা এরিয়া অফিসে ১ জন, গলাচিপা ব্রাঞ্চে ১ জন ও কুয়াকাটা ব্রাঞ্চে ১ জন এবং পদক্ষেপ প্রধান কার্যালয়ে মানব সম্পদ ও প্রশাসন বিভাগে ড্রাইভার পদে ২ জন ও পিআইডিএম-এ সিকিউরিটি গার্ড পদে ১ জনকে নিয়োগ দেয়া হয়েছে। পাশাপাশি এসটিআই/এইচআইভি প্রিভেনশন সার্ভিস প্রকল্পে পিয়ার এডুকেটর পদে ১ জন, সিকিউরিটি গার্ড পদে ২ জন, আউটরিচ সুপারভাইজার পদে ১ জন এবং ''আরবান প্রাইমারী হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারী" প্রকল্পে ল্যাব টেকনিশিয়ান পদে ১ জন, এসইপি প্রকল্পে টেকনিক্যাল অফিসার পদে ১ জন, ইসিসিসিপি-ফ্লাড প্রকল্পে ফিল্ড ফ্যাসিলিটেটর পদে ১ জন এবং পিপিইপিপি প্রকল্পে টেকনিক্যাল অফিসার (লাইভলিহুড) পদে ১ জনকে নিয়োগ দেয়া হয়েছে।

## কর্মী কল্যাণ তহবিল, সিপিএফ ও অনুদান প্রদান

মে ২০২২ মাসে সিপিএফ হতে ২২ জন কর্মীকে ৩৬,৪৮,২৩৫/- টাকা এবং কর্মী কল্যাণ তহবিল হতে ২৪ জন কর্মীকে ১,২৮,১০০/- টাকা ফেরত প্রদান করা হয়েছে। এছাড়া কর্মী স্বেচ্ছা সঞ্চয় ও বীমা প্রোগ্রাম থেকে ২৪ জনকে ৪,৮৪,৯৪৭/- টাকা প্রদান করা হয়েছে।

পাবলিকেশন ও ডকুমেন্টেশন সেকশন কর্তৃক প্রণয়নকৃত মাসিক ই-নিউজে আপনার আওতাধীন কার্যক্রমের প্রতিমাসের গুরুত্বপূর্ণ সংবাদ পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে zahid@padakhep.org ই-মেইলে জমা প্রদানের আহবান করা হলো। ১০ তারিখের পরে কোন তথ্য গ্রহণ করা হবে না।

**ই-নিউজ পড়ুন পদক্ষেপ এর সমসাময়িক ঘটনাবলী জানুন এবং ইমেইলের মাধ্যমে আপনার মতামত প্রদান করুন।**


**পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র**

বাড়ী নং-৫৪৮, রোড নং-১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭
ফোন ঃ ৫৮১৫১১২৬, ৫৮১৫৬৯২৫, ৫৫০১০৪০৫ ৫৫০১০৪০৬, ফ্যাক্স ঃ ৮৮-২-৯১৩৭৩১০, ৯১৩৭৩৬১
E-mail : pmuk@padakhep.org info@padakhep.org, Web: www.padakhep.org